



**বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড**  
(পেট্রোবাংলা'র একটি কোম্পানী)  
**BARAPUKURIA COAL-MINING COMPANY LIMITED.**  
(A COMPANY OF PETROBANGLA)

সূত্র নং-বিসিএমসিএল/২০০/২৪/১৫২৫

তারিখঃ ০৫-১১-২০১৭ খ্রিঃ

**নিলাম বিক্রয় বিজ্ঞপ্তি**

বিষয়ঃ বিসিএমসিএল-এর নির্মিতব্য মসজিদ ভবনের জায়গায় কর্তনকৃত এবং কোম্পানিস্থ ডিপার্টমেন্টাল স্টোরের পিছনে রক্ষিত গাছের লগ ও শাখা-প্রশাখা নিলামে বিক্রয়।

বিসিএমসিএল-এর নির্মিতব্য মসজিদ ভবনের জায়গায় কর্তনকৃত গাছ ও গাছের শাখা-প্রশাখা যা বর্তমানে কোম্পানিস্থ ডিপার্টমেন্টাল স্টোরের পিছনে রক্ষিত আছে তা মুখবন্ধ খামে নিলামের মাধ্যমে বিক্রয়ের জন্য কোম্পানির নির্ধারিত সিডিউলে দরপ্রস্তাব আহ্বান করা যাচ্ছে। অগ্রহী ক্রেতাগণ বিজ্ঞপ্তি প্রকাশের পরদিন হতে শুরু করে ১২ নভেম্বর ২০১৭ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ে সরেজমিন উক্ত রক্ষিত গাছের লগ ও শাখা-প্রশাখাসমূহ বিসিএমসিএল-এর প্রধান কার্যালয়, চৌহাটি, পার্বতীপুর, দিনাজপুর-এ এসে পরিদর্শন করতে পারবেন। এছাড়াও বর্ণিত গাছের লগ ও শাখা-প্রশাখাসমূহের পরিমাণ, ধরন ইত্যাদি যে অবস্থায় রক্ষিত আছে তা পর্যবেক্ষণপূর্বক উপলব্ধি/হিসাব নিকাশ করার জন্য আগামী ১২ নভেম্বর ২০১৭ তারিখে বেলা ১২.০০ টা হতে ১.০০ টা পর্যন্ত কমিটি কর্তৃক নিলামকৃত মালামাল ক্রয়ে অগ্রহীগণকে (যদি কেউ উপস্থিত থাকেন) সরেজমিনে দেখানো হবে। নিলামযোগ্য গাছের লগ ও শাখা-প্রশাখার বিবরণ নিম্নরূপঃ

ক্রমিক	গাছের নাম/ শ্রেণী	গাছের ধরণ	সংখ্যা (লগ/পিচ)	একক	পরিমাপ
১	আকাশমনি	কাঠ	৪৩	সিএফটি	৬৫.২৯
২	মেহগনি	কাঠ	৬১	সিএফটি	১১৬.৮৫
৩	কাঁঠাল	কাঠ	৩	সিএফটি	০১.৪৪
৪	কদম	কাঠ	৩	সিএফটি	০২.৬৫
৫	শিশু	কাঠ	৬	সিএফটি	০৫.৮৭
৬	বিভিন্ন প্রকার শাখা প্রশাখা	লাকড়ি	৩৪	মণ	১৭.০০

**নিলাম পত্রের শর্তাবলীঃ**

- ০১। নিলামপত্র ০৬/১১/২০১৭ ইং তারিখ হতে আগামী ১২/১১/২০১৭ ইং তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ে (সকাল ৯.০০ টা হতে বিকাল ৫.০০ টা) বিনামূল্যে সহকারী ব্যবস্থাপক (বাজেট), অর্থ ও হিসাব বিভাগ, বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড, দিনাজপুর-এ পাওয়া যাবে এবং নির্ধারিত তারিখের পর কোন নিলামপত্র বিতরণ করা হবে না।
- ০২। ট্রেড লাইসেন্স, আয়কর সার্টিফিকেটধারী যেকোন ব্যক্তি/প্রতিষ্ঠান নিলামে অংশগ্রহণ করতে পারবেন। নিলাম দরপ্রস্তাব দাখিলের সময় দরপ্রস্তাবের সঙ্গে (১) হালনাগাদ ট্রেড লাইসেন্স, (২) ২০১৬-২০১৭ করবছরের আয়কর পরিশোধের প্রত্যয়নপত্র ও (৩) ভ্যাট নিবন্ধন সনদপত্র এর সত্যায়িত কপি দরপ্রস্তাবের সাথে অবশ্যই দাখিল করতে হবে।
- ০৩। দরপ্রস্তাব আগামী ০৬/১১/২০১৭ ইং তারিখ হতে শুরু করে সর্বশেষ ১৩/১১/২০১৭ ইং তারিখ সকাল ১১:০০ ঘটিকা পর্যন্ত কোম্পানির প্রধান কার্যালয়ের ট্রেনিং সেন্টারের ২য় তলায় অবস্থিত প্রশাসন বিভাগে রক্ষিত নিলাম বাস্তবে মুখবন্ধ খামে দাখিল করা যাবে এবং ১৩/১১/২০১৭ ইং তারিখ সকাল ১১:১৫ ঘটিকায় নিলাম দাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে। নির্ধারিত সময়ের পর কোন দরপ্রস্তাব গ্রহণ করা হবে না।

